
গণপ্রজাতন্ত্রী বাংলাদে[illegible]





৳১০০

একশত টাকা

Gazipur

Date: 27/05/

The aforesaid declaration is made by the deponent in my presence

গঞঃ

## বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটে চাকুরীরত অবস্থায় দেশের অভ্যন্তরে বৃ[illegible] পিএইচডি কোর্সে অধ্যয়নের নিমিত্তে সম্পাদিত অঙ্গীকারনামা

আমি মোহাম্মদ শরফুদ্দিন ভূঁঞা, BARI0435, (পদবী) ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, (দপ্তর): সরেজমিন গবেষণা বিভাগ, বিএআরআই, কক্সবাজার, পিতা: এ, কে, এম, ফজলুল হক ভূঁঞা, মাতা: শাহানারা বেগম, (স্থায়ী ঠিকানা) গ্রাম: পদুয়া, ডাকঘরঃ পদুয়া, উপজেলা: দাউদকান্দি, জেলা: কুমিল্লা, দেশ: বাংলাদেশ; আমি বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর এর একজন মনোনীত প্রার্থী হিসেবে পিএইচডি কোর্সে (শিক্ষা প্রতিষ্ঠান)- গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুরে ১১/০৫/২০২৬ খ্রি. হতে ১০/০৫/২০২৮ খ্রি. পর্যন্ত মেয়াদে অধ্যয়নের নিমিত্তে নিম্নলিখিত শর্তাবলী সুষ্ঠুভাবে পালন করিবার অঙ্গীকার করিতেছি।

১. আমি প্রেষণকালে শিক্ষাক্ষেত্রে পূর্ণ নিয়োজিত থাকিব, শিক্ষা প্রতিষ্ঠানের চাহিদা মোতাবেক কোর্সের সাথে সম্পৃক্ত যে কোন কাজ করিতে বাধ্য থাকিব এবং পিএইচডি কোর্স নির্ধারিত মেয়াদের মধ্যে কৃতকার্যতার সাথে সম্পন্ন করিব।

২. কোর্স সম্পন্ন হওয়ার পূর্বে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট অন্যরূপ নির্দেশ প্রদান না করিলে কোর্সের মেয়াদ শেষ হওয়ার অব্যবহিত পরেই স্ব-দায়িত্বে ফিরিয়া আসিব।

৩. কোন অবস্থাতেই কোর্স পরিবর্তনের জন্য আবেদন করিব না।

৪. আমি দেশের/প্রতিষ্ঠানের শৃংখলা পরিপন্থী কোন কাজ বা আচরণ করিব না এবং চাকুরী সংক্রান্ত সরকারী নিয়মাবলী সর্বদা মানিয়া চলিব।

৫. অধ্যয়নরত সময়ে ০৬ (ছয়) মাস অন্তর অন্তর সংশ্লিষ্ট সুপারভাইজারের মাধ্যমে কোর্স ও গবেষণা কাজের অগ্রগতির প্রতিবেদন নির্ধারিত ছকে ইনস্টিটিউটের প্রশিক্ষণ ও যোগাযোগ উইং-এ দাখিল করিব।

৬. প্রেষণ শেষে যোগদানের সময় অভিসন্দর্ভ (Dissertation) এর কপি মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট বরাবর দাখিল করিব, অন্যথায় বেতন-ভাতাদি বন্ধ থাকিলে তাহা মানিয়া লইব। যোগদানের সময় যদি খসড়া অভিসন্দর্ভ দাখিল করি তবে চূড়ান্ত অভিসন্দর্ভ যোগদানের অনধিক ০৬ (ছয়) বৎসরের মধ্যে অবশ্যই দাখিল করিব।

৭. পিএইচডি প্রেষণ সমাপনান্তে সরকারী নিয়ম মোতাবেক ০৪ (চার) বৎসর বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটে চাকুরী করিতে বাধ্য থাকিব।

৮. প্রেষণ শেষে চাকুরীতে যোগদানের ০২ (দুই) বৎসরের মধ্যে যদি চাকুরী ছাড়িয়া দিতে চাই, তাহা হইলে আমি অথবা আমার অভিভাবক/জামিনদার বৃত্তি বাবদ গৃহীত সমুদয় অর্থ এবং বন্ডে উল্লেখিত ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটকে ফেরৎ দিতে বাধ্য থাকিবে।

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳৫০ ৳৫০

পঞ্চাশ টাকা

The aforesaid declaration is made
by the deponent in my presence

৯. প্রেষণ শেষে চাকুরীতে যোগদানের ০২ (দুই) বৎসর অতিবাহিত হইবার পর বন্ডের মেয়াদের মধ্যে যদি চাকুরী ছাড়িয়া দিতে চাই তাহা হইলে বন্ডে উল্লেখিত ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটকে ফেরৎ দিতে বাধ্য থাকিব/থাকিবে।

১০. যুক্তিসংগত ও গ্রহণযোগ্য কারণ ব্যতিরেকে সময়মত (অনধিক ছয় বৎসর) নির্ধারিত পিএইচডি ডিগ্রী অর্জনে ব্যর্থ হলে বন্ডে উল্লেখিত ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা ফেরতসহ উপযুক্ত কর্তৃপক্ষ আরোপিত যেকোন প্রশাসনিক ব্যবস্থা মানিয়া নিতে বাধ্য থাকিব। তবে উল্লেখ থাকে যে, প্রেষণ শেষে চাকুরীতে যোগদানের পর চাকুরী ছাড়িয়া দিতে চাইলে শর্ত নং ৮ এবং ৯ প্রযোজ্য হইবে।

১১. উল্লিখিত শর্তাবলীর যে কোন ধারা যথাযথভাবে পালনে ব্যর্থ হইলে ও বন্ডে প্রদত্ত শর্তাবলী বহির্ভূত কোন পরিস্থিতির উদ্ভব হইলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া মানিয়া লইব।

১২. এতদ্ব্যতীত প্রেষণাদেশ পত্রে বর্ণিত অন্যান্য শর্ত পালন করিতে বাধ্য থাকিব।

আমি প্রত্যয়ন করিতেছি যে, উপরে বর্ণিত শর্তসমূহ পড়িয়া, বুঝিয়া এবং মর্ম অনুধাবন করিয়া অন্যের বিনা প্ররোচনায় স্বজ্ঞানে স্বাক্ষর দান করিলাম।

(কর্মকর্তার স্বাক্ষর)
নাম: মোহাম্মদ শরফুদ্দিন ভূঞা, (BARI0435)
পদবী: ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা
সরেজমিন গবেষণা বিভাগ
বিএআরআই, কক্সবাজার

প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেটের স্বাক্ষর ও সীল মোহর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ

৳১০০





The aforesaid declaration was made by the deponent in my presence

একশত টাকা

গঞ ২১৫২৮৯৯

**বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটে চাকুরীরত অবস্থায় দেশের অভ্যন্তরে বৃত্তিসহ পিএইচডি কোর্সে অধ্যয়নের নিমিত্তে সম্পাদিত তমসুক বন্ড/চুক্তিনামা**

আমি মোহাম্মদ শরফুদ্দিন ভূঁঞা, BARI0435, (পদবী) ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, (দপ্তর): সরেজমিন গবেষণা বিভাগ, বিএআরআই, কক্সবাজার, পিতা: এ, কে, এম, ফজলুল হক ভূঁঞা, মাতা: শাহানারা বেগম, (স্থায়ী ঠিকানা) গ্রাম: পদুয়া, ডাকঘরঃ পদুয়া, উপজেলা: দাউদকান্দি, জেলা: কুমিল্লা, দেশ: বাংলাদেশ; নিম্নেউলিখিত স্বাক্ষীগণের উপস্থিতিতে মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর এর সঙ্গে চুক্তিবদ্ধ হইতেছি যে, চাকুরীরত অবস্থায় পিএইচডি কোর্সে অধ্যয়নের নিমিত্তে সম্পাদিত অঙ্গীকারনামার যে কোন একটি, তদুর্ধক বা সম্পূর্ণ শর্ত বা শর্তাবলী পালনে ব্যর্থ হইলে মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর এর অনুকূলে বৃত্তি বাবদ গৃহীত সমুদয় অর্থ এবং বন্ডে উল্লেখিত ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা পরিশোধ করিতে আমি বা আমার যে কোন উত্তরাধিকারী/উত্তরাধীকারীগণ একত্রে অথবা যথাক্রমে আলাদা আলাদা ভাবে প্রদান করিতে বাধ্য থাকিব বা থাকিবে।

যেহেতু কৃষি মন্ত্রণালয় আমাকে দায়িত্ব হস্তান্তরের তারিখ হতে ২৪ (চব্বিশ) মাস মেয়াদী পিএইচডি কোর্সে অধ্যয়নের জন্য মনোনয়ন দিয়েছেন এবং উক্ত কোর্সে অধ্যয়নের জন্য আমার অনুকূলে প্রেষণ ও বৃত্তি মঞ্জুর করিতে রাজি হইয়াছেন, সেহেতু উপরোল্লিখিত চুক্তিনামার শর্তাবলী মানিয়া অধ্যয়নের নিমিত্তে প্রেষণকাল সমাপ্ত হইবার পর আমি বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটে চাকুরী করিতে বাধ্য থাকিব ও রহিলাম এবং উক্ত সময়ের মধ্যে অন্যত্র কোন চাকুরী গ্রহণ করিব না বা চাকুরীর জন্য আবেদন করিব না। অন্যথায় এই চুক্তিনামার শর্তাবলী আমার বেলায় প্রযোজ্য, বলবৎ ও কার্যকরী হইবে।

অদ্য ২৭-০৫-২০২৬খ্রি. তারিখ অত্র তমসুক বন্ড/চুক্তিপত্রের মর্ম অবগত হইয়া স্বেচ্ছায়, স্বজ্ঞানে ও সুস্থ শরীরে নিজ নাম দস্তখত করিলাম।

১ম স্বাক্ষীর স্বাক্ষর [signature] ২৭.৫.২০২৬
নাম: ড. মোঃ রবিউল আলম
পিতা: মো: আজিম উদ্দিন
মাতা: মোছা: জাহানারা খাতুন
স্থায়ী ঠিকানা: গ্রাম- বাঙ্গাবাড়িয়া, পোস্ট-বেড়া, উপজেলা, বেড়া, জেলা- পাবনা।
বর্তমান ঠিকানা: প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা
সরেজমিন গবেষণা বিভাগ, বারি, গাজীপুর
তারিখ: ২৭.৫.২০২৬

[signature]
(কর্মকর্তার স্বাক্ষর)
নাম: মোহাম্মদ শরফুদ্দিন ভূঁঞা
তারিখ: ২৭-০৫-২০২৬খ্রি.

২য় স্বাক্ষীর স্বাক্ষর [signature] ২৭/০৫/২০২৬
নাম: ড. মো. সাখাওয়াত হোসেন
পিতা: মো: আমজাদ হোসেন
মাতা: মিসেস ছিদ্দিকা বেগম
স্থায়ী ঠিকানা: গ্রাম-চেংমারী, পোস্ট-শুকুরের হাট, উপজেলা-মিঠাপুকুর, জেলা-রংপুর।
বর্তমান ঠিকানা: প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা
সরেজমিন গবেষণা বিভাগ, বারি, গাজীপুর
তারিখ: ২৭.৫.২০২৬

[signature]
জুবায়ের রশীদ
মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট
গাজীপুর। ২৭/০৫/২৬

**"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳৫০ ৳৫০

পঞ্চাশ টাকা

The aforesaid declaration is made by the deponent in my presence

কব ৪৪৪৭৩৯১

আমি ইবনে সালেহ মো: ফরহাদ, পদবী: ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা বিজ্ঞান বিভাগ, বিএআরআই, গাজীপুর, পিতা: মোহাম্মদ নূরুল হক, মাতা: আনোয়ারা বেগম, (স্থায়ী ঠিকানা) গ্রাম: আনোয়ারা হক মঞ্জিল, বাঞ্চানগর, পোস্ট: লক্ষীপুর, উপজেলা: লক্ষীপুর, জেলা: লক্ষীপুর প্রকৃত জামিনদার হিসেবে মোহাম্মদ শরফুদ্দিন ভূঁঞা এর পক্ষে সম্পূর্ণ স্বজ্ঞানে স্বীকারোক্তি করিতেছি যে, বিধি মোতাবেক কোন কারণে চুক্তিনামায় উল্লেখিত শর্তাবলী পালনে উক্ত মোহাম্মদ শরফুদ্দিন ভূঁঞা ব্যর্থ হইলে চুক্তিনামায় উল্লেখিত ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা এবং তাঁহাকে বৃত্তি বাবদ প্রদত্ত সমুদয় অর্থ মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর অনুকূলে পরিশোধ করিতে আমি বা আমার যে কোন উত্তরাধিকারী/উত্তরাধিকারীগণ যথাক্রমে বাধ্য থাকিব বা থাকিবে।

অদ্য ১৭-০৫-২০২৬ খ্রি. তারিখ অত্র তমসুক বন্ড/চুক্তিপত্রের মর্ম অবগত হইয়া স্বেচ্ছায়, স্বজ্ঞানে ও সুস্থ শরীরে স্বাক্ষীগণের সম্মুখে নিজ নাম দস্তখত করিলাম।

১ম স্বাক্ষীর স্বাক্ষর ১৭.৫.২০২৬
নাম: ড. মোঃ রবিউল আলম
পিতা: মো: আজিম উদ্দিন
মাতা: মোছা: জাহানারা খাতুন
স্থায়ী ঠিকানা: গ্রাম- বাঙ্গাবাড়িয়া, পোস্ট-বেড়া, উপজেলা, বেড়া, জেলা- পাবনা।
বর্তমান ঠিকানা: প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা
সরেজমিন গবেষণা বিভাগ, বারি, গাজীপুর
তারিখ: ১৭.০৫.২০২৬

17.5.2026
নাম: ইবনে সালেহ মো: ফরহাদ
পিতা: মোহাম্মদ নূরুল হক
মাতা: আনোয়ারা বেগম
স্থায়ী ঠিকানা: গ্রাম: আনোয়ারা হক মঞ্জিল, বাঞ্চানগর, পোস্ট: লক্ষীপুর, উপজেলা: লক্ষীপুর, জেলা: লক্ষীপুর
বর্তমান ঠিকানা: ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা
মৃত্তিকা বিজ্ঞান বিভাগ, বিএআরআই, গাজীপুর
তারিখ: ১৭.০৫.২০২৬

২য় স্বাক্ষীর স্বাক্ষর ১৭/০৫/২০২৬
নাম: ড. মো. সাখাওয়াত হোসেন
পিতা: মো: আমজাদ হোসেন
মাতা: মিসেস ছিদ্দিকা বেগম
স্থায়ী ঠিকানা: গ্রাম-চেংমারী, পোস্ট-শুকুরের হাট, উপজেলা-মিঠাপুকুর, জেলা-রংপুর।
বর্তমান ঠিকানা: প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা
সরেজমিন গবেষণা বিভাগ, বারি, গাজীপুর
তারিখ: ১৭.০৫.২০২৬

প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেটের স্বাক্ষর ও সীলমোহর
........................................................